অথবাঃ হরতালের পূর্বাভাস অভিযানে মিঠে কড়ার ঘুম নেই ছাড়পত্র চাই।

অথবাঃ হরতালের মিঠেকড়া অভিযানের পূর্বাভাসের ছাড়পত্র পেয়ে ঘুম নেই সুকান্তের চোখে।

ব্যাখ্যাঃ গীতিগুচ্ছ; ছাড়পত্র; হরতাল; পূর্বাভাস; অভিযান; ঘুম নেই।

শওকত ওসমান (হুগলী: ১৯১৯-১৯৯৮)

☞ শওকত ওসমান এর সাহিত্যকর্মঃ

নেকড়ে অরণ্যে, ক্রীতদাসের হাসির সাবেক কাহিনী *আমলায় মামলায় প্রস্তর ফলক *কাঁকর মণি হয়ে বলল- হে জননী, জন্ম যদি তব বঙ্গে জাহান্নাম হতে বিদায়।(*নাটক)

উপন্যাসঃ জননী; ক্রীতদাসের হাসি; সমাগম; চৌরসন্ধি; রাজা উপাখ্যান; জাহান্নাম হইতে বিদায়; দুই সৈনিক; নেকড়ে অরণ্য; পতঙ্গ পিঞ্জর; আর্তনাদ; রাজপুরুষ; জলাঙ্গী।

নাটকঃ আমলার মামলা; কাঁকর মনি; তস্কর ও লস্কর; পূর্ণ স্বাধীনতা চূর্ণ স্বাধীনতা ।

☞ শওকত ওসমান এর প্রবন্ধঃ

তিন মির্জা অনেক ভাব ভাষা ভাবনা নিয়ে মুসলিম মানসের রূপান্তর হন সংস্কৃতির চড়াই উতরাই পেরিয়ে এছাড়া হপ্তম পঞ্চম, নষ্টভান অষ্টভান।

প্রবন্ধগ্রন্থঃ ভাব ভাষা ভাবনা; সংস্কৃতির চড়াই উৎরাই; মুসলিম মানুষের রুপান্তর।

গল্পগ্রন্থঃ জুনু আপা ও অন্যান্য গল্প; মনিব ও তাহার কুকুর; ঈশ্বরের প্রতিদ্বন্দ্বী।

সৈয়দ ওয়ালিউল্লাহ (চট্টগ্রাম: ১৯২২-১৯৭১)

☞ সৈয়দ ওয়ালিউল্লাহ এর নাটক/উপন্যাস/গল্পঃ

* বহিপীর *(তরঙ্গ-ভঙ্গ *সুড়ঙ্গে চাঁদের অমাবস্যা রাতে বসে দুইতীর নয়ন চারার গল্প বলতে বলতে কাঁদো নদী কাঁদোর মত লালসালু ভিজিয়ে ফেলল।

☞ সৈয়দ ওয়ালিউল্লাহ এর উপন্যাসঃ

চাঁকা লাল।

ব্যাখ্যাঃ চাঁ=চাঁদের অমাবস্যা; **কাঁ**=কাঁদো নদী কাঁদো; **লাল**=লাল সালু।

অথবাঃ চাঁদের অমাবস্যায় কাঁদো(নদী) কাঁদো লালসালু ফুলে উঠল।

অথবাঃ লালসালু চাঁদের অমাবস্যার রাতে নদীর তীরে বসে বলল কাদো নদী কাদো।

☞ সৈয়দ ওয়ালিউল্লাহ এর নাটকঃ

ভন্ড বহিপীর তরঙ্গভঙ্গ করে সুড়ঙ্গ দিয়ে পালিয়েছেন।

অথবাঃ তরঙ্গভঙ্গ করে সুড়ঙ্গ করায় উজানে মৃত্যু হয় বহিপীরের।

ব্যাখ্যাঃ ১. বহিপীর; ২. তরঙ্গভঙ্গ; ৩. সুড়ঙ্গ; ৪. উজানে মৃত্যু।

কায়কোবাদ (ঢাকা: ১৮৫৭-১৯৫১)

☞ কায়কোবাদ এর সাহিত্যকর্মঃ

কুসুম কানন এর শিব মন্দির এ বসে শ্রাবন্তি মহাশ্মশান ঘাটের শ্মশান ভস্ম এর দিকে তাকিয়ে বিরহ বিলাপ করতেছিল এবং তার চোখ দিয়ে অমিয় ধারায় মান্দাকিনী ধারার ন্যায় অশ্রু মালা ঝরতেছিল।

ব্যাখ্যাঃ মহাকাব্য: মহাশ্মশান। কাব্যগ্রন্থ: বিরহ বিলাপ,অশ্রুমালা; শিব মন্দির; অমিয় ধারা; মান্দাকিনী ধারা; শ্মশানভস্ম।

☞ কায়কোবাদ এর কাব্যগ্রন্থঃ

অমিয়ের সাথে কুসুমের আর দহরম মহরম নেই বিরহ চলছে। তাই সে মহাশ্মশানের শিব মন্দিরে অশ্রুমালা বিসর্জন দিচ্ছে।

ব্যাখ্যাঃ অমিয় ধারা; কুসুমকানন; মহররম শরীফ; বিরহ বিলাপ; শিব মন্দির; অশ্রুমালা।

প্রমথ চৌধুরী (যশোর: ৭ আগষ্ট ১৮৬৮-২ সেপ্টেম্বর ১৯৪৬)

☞ প্রমথ চৌধুরীরঃ

তেল নুন লাকড়ির দোকানে গত বৈশাখে বীরবলের হালখাতা দ্বারা আমাদের আহুতি করা হয়েছে। সে দোকানে অনেক লোকের পদচারণ ঘটল এবং নানা কথা হল ও নানা চর্চা হল। নীল লোহিতের রায়তের কথা চার ইয়ারী কথা পর্যন্ত উঠে আসল সকলের মুখে মুখে। আর সকলের টাকার হিসাব দেখা গেল সনেট পঞ্চাশৎ থেকে।

☞ প্রমথ চৌধুরীর প্রবন্ধ ঃ

নানা কথা শুনে রায়তের কথা নানা চর্চা করে দুইয়ারী ও আমাদের শিক্ষা হয় তেলনুন লাকড়ি বিক্রি করেই বীরবলের হালখাতা করা হবে।

অথবাঃ রানা বীনারা দু'জনেই চা পান করতে চাইল।

ব্যাখ্যাঃ রা=রায়তের কথা; না=নানা কথা; বী=বীরবলের হালখাতা; না=নানা চর্চা; রা=দু'ইয়ারী; চা=চার ইয়ারী কথা; পা=প্রাচীন হিন্দুস্থান; তে=তেল-নুন-লাকড়ি।

☞ প্রমথ চৌধুরীর গল্পঃ

নীল লোহিতের আদি প্রেমে চারইয়ারী কথা, আহুতি গোষালের ত্রিকথা সপ্তক অনুকথার দুই না এক গল্প সংগ্রহ করে।

ব্যাখ্যাঃ চার ইয়ারি কথা; আহুতি; নীললোহিত ও গল্পসংগ্রহ।

আহসান হাবীব (১৯১৭-১৯৮৫)

☞ আহসান হাবীবঃ

ছুটির দিনে দুপুরে বিদীর্ণ দর্পনে মুখ দেখে দুই হাতে দুই আদিম পাথর এবং জাফরাণী রং পায়রা নিয়ে রানী খালের সাঁকো পেরিয়ে ছোটদের পাকিস্তান যেতে যেতেই রাত্রি শেষ হয়ে এল। ঐদিন সারা দুপুর হৃদয়ে আশার বসতি স্থাপন করে অরণ্যে নীলীমা ও ছায়াহরিণ নামক প্রেমের কবিতা লিখতে শুরু করলাম। আষাঢ় মাসে বৃষ্টি পড়ে টাপুর টুপুর কিন্তু হঠাৎ মেঘ বলে চৈত্রে যাবো এবং চৈত্র মাসে বৃষ্টি দেবো।

☞ কাব্যগ্রন্থঃ

সারা দুপুরে জোরে আশার বশতি নিয়ে চৈত্রের মেঘের বুকে হরিণের ছায়া দেখে রাত্রি শেষ করলাম।

ব্যাখ্যাঃ সারা দুপুর; আশার বশতি; মেঘ বলে চৈত্রে যাবো; ছায়া হরিণ; রাত্রি শেষ।

☞ ছোটদের বইঃ

ছুটির দিনে জোছনা রাতে রানী খালার কাছে ছোটদের গল্প শোনতাম।

ব্যাখ্যাঃ ছুটির দিনে দুপুরে জোছনা রাতের গল্প; রানী খালের সাঁকো।

☞ আহসান হাবীবের উপন্যাসঃ

আহসান হাবীবের অরণ্যে নীলিমা উপন্যাসটি যেন রানী খালের সাঁকো।

ব্যাখ্যাঃ অরণ্যে নীলিমা; রানী খালের সাঁকো।

অমিয় চক্রবর্তী (১৯০১-১৯৭৬)

☞ অমিয় চক্রবর্তীঃ

সময়ের পারাপার এবং পালাবদল ক্রমে পুরবাসিদের লেখা দবরানী গ্রন্থের খসড়াটি হারানো অর্কিড হয়ে রইল। সাম্প্রতিক অভিজ্ঞান বসন্ত কালিন সময়ে সঞ্জয় এক মুঠো মাটির দেয়াল হাতে নিয়ে পুষ্পিত ইমেজে বলে উঠল চল যাই আজ ঘরে ফেরার দিন কিন্তু সামনে যে অন্ধকার পথ অন্তহীন।

☞ অমিয় চক্রবর্তীর কাব্যগ্রন্থঃ

অভিজ্ঞান বসন্তের দিনে পালাবদল কিংবা পারাপার নয় একমুঠো হারানো অর্কিডসহ অমরাবতীকে ফিরে পেতে চাই। অনি:শেষ ঘরে ফেরার দিনে মাটির দেয়ালের পাশে বসে আর পুরবাসী জীবনের দূরবাণী শুনতে হবে না কারণ খসড়া লিরিক কণিকা অমিয়'র জীবনে এনে দিয়েছে পুষ্পিত ইমেজ।

ব্যাখ্যাঃ খসড়া; এক মুঠে; মাটির দেয়াল; অভিজ্ঞান বসন্ত; অনিঃশেষ; পারাপার; পালাবদল; ঘরে ফেরার দিন; হারানো অর্কিড; দূরবাণী; পুষ্পিত ইমেজ।

☞ অমিয় চক্রবর্তীর গদ্যঃ

অন্তহীন পথধরে পুরবাসীর চলে যাওয়ার (চলে যাই) কথা সাম্প্রতিক জানতে পারলাম।

ব্যাখ্যাঃ পথ অন্তহীন; পুরবাসী; চলো যাই; সাম্প্রতিক; অমিয় বক্রবর্তীর প্রবন্ধ সংগ্রহ।

শহীদুল্লাহ কায়সার (১৯২৭-১৯৭১)

☞ শহীদুল্লাহ কায়সারঃ

সংশপ্তক উপন্যাসের কাহিনীতে সারেং বউ পেশোয়ার থেকে তাসখন্দ যান রাজবন্দীর রোজনামচা জানতে।

ব্যাখ্যাঃ সারেং বৌ(১৯৬২); সংশপ্তক(১৯৬৫); রাজবন্দির রোজনামচা(১৯৬২); পেশোয়ার থেকে তাসখন্দ(১৯৬৬)।

মুনীর চৌধুরী (১৯২৫-১৯৭১)

☞ মুনীর চৌধুরীর নাটকঃ

পলাশীর ব্যারাকের রক্তাক্ত প্রান্তর থেকে নষ্ট ছেলেটির চিঠিটি রূপার কৌটায় ভরে মুনীর চৌধুরী কবরে গেল।

ব্যাখ্যাঃ মুখরা রমনী বশীকরণ নাটকে দুকারণ্য দের উদ্দেশ্য রূপার কৌটার ভিতর করে কেউ কিছু বলতে পারেনা শিরোনামে একটি চিঠি নিয়ে আসে যাতে লেখা আছে রক্তাক্ত প্রান্তর এবং পলাশী ব্যারাক ও অন্যানা স্থানের শহীদদের কবর দেয়ার কথা।

ব্যাখ্যাঃ দন্ডধর এ রমণীর চিঠি পড়ে নষ্ট ছেলেদের বললো রক্তাক্ত প্রান্তর থেকে দন্ডকারণ্য মানুষদের পলাশী ব্যারাক নামক স্থানে কবর দাও।

অথবাঃ পলাশী ব্যারাকে রক্তাক্ত প্রান্তর ঘটিয়ে একজন সাধারণ মানুষকে যারা নষ্ট ছেলে বলে কবরে পাঠাল তার চিঠি আজও রূপার কৌটায় ভরে রেখেছেন মুনীর চৌধুরী।

নাটক সমূহঃ ১. রক্তাক্ত প্রান্তর(১৯৬২); ২. চিঠি(১৯৬৬); ৩. কবর(১৯৬৬); ৪. দন্ডকারণ্য(১৯৬৬); পলাশীর ব্যারাক ও অন্যান্য(১৯৬৯)।

অনুবাদ নাটক হলো ১. কেউ কিছু বলতে পারে না(১৯৬৯); ২. রোপার কৌটা(১৯৬৯); ৩. মুখরা রমনী বশিকরণ(১৯৭০)।

☞ মুনির চৌধুরীর প্রবন্ধঃ

মীর মানস বাংলা গদ্য রীতিতে ড্রাইডেন ও ডি.এল.রায় এর তুলনামূলক সমালোচনা করেন।

১. মীর মানস(১৯৬৫); বাংলা গদ্যরীতি(১৯৭০); তুলনামূলক সমালোচনা(১৯৬৯)।

শামসুদ্দীন আবুল কালাম (১৯২৬-১৯৯৭)

☞ শামসুদ্দীন আবুল কালামের উপন্যাসঃ

কাঞ্চনগ্রামের কাশবনের কন্যা, কাঞ্চনমালা নিয়ে **আলমনগরের উপকথা** বর্ণনা করলেন।

ব্যাখ্যাঃ কাঞ্চনগ্রাম; কাশবনের কন্যা; কাঞ্চনমালা; আলমনগরের উপকথা।

☞ শামসুদ্দীন আবুল কালামের গল্পঃ

শাহের বানু এখন পথ জানা নেই এমন দুই হৃদয়ের তীরে।

ব্যাখ্যাঃ শাহের বানু; পথ জানা নেই; দুই হৃদয়ের তীরে।

হুমায়ুন আহমেদ (১৯৪৮-২০১২)

☞ হুমায়ুন আহমেদ এর উপন্যাসঃ

হিমু আজ বহু দুরে থাকায় শঙ্খ দার কাছে এই রজনী নন্দিত নরকে মনে হয়।

ব্যাখ্যাঃ ১. হিমু; ২. আজ রবিবার, ৩. বহুব্রীহি, ৪. দুরে কোথাও, ৫. শঙ্খনীল কারাগার, ৬. দারুচিনি দ্বীপ, ৭. এইসব দিন রাত্রি, ৮. রজনী, ৯. নন্দিত নরকে (প্রথম উপন্যাস)। এছাড়াও জোছনা ও জননীর গল্প তার উপন্যাস।

অথবাঃ দেবী শঙ্খনীল কারাগার থেকে মুক্তি পেলেও নন্দিত নরকে ই তার বসবাস। তবুও সে কবি হিমুর দ্বিতীয় প্রহরে মিসির আলীর অমানিবাসে জ্যোৎস্না ও জননীর গল্প শোনাবে।

অথবাঃ শ্রাবন মেঘের শ্যামল ছায়ায় অচিন পুরের দ্বারুচিনি দ্বীপে জননী কে নিয়ে দিনরাত্রি নিশিকাব্য পড়ে সময় কেটে যাচ্ছিল। দুয়ারেই ছিল পরশমনি। দুরে কোথাও যাওয়ার দরকার ছিল না। কিন্তু প্রিয়তমা অপরাজিতার ষড়যন্ত্রে আজ নন্দিত নরকের শঙ্খনীল কারাগার এ নির্বাসিত জীবন কাটাতে হচ্ছে।

ব্যাখ্যাঃ নন্দিত নরকে, নীল অপরাজিতা, প্রিয়তমেষু, দুরে কোথাও,এইসব দিন রাত্রি, নিশিকাব্য, দুই দুয়ারি, আগুনের পরশমনি, দারুচিনি দ্বীপ, অচিনপুর, শ্যামল ছায়া, শ্রাবন মেঘের দিন, শঙ্খনীল কারাগার, নির্বাসন, জোছনা ও জননীর গল্প।

☞ হুমায়ুন আহমেদ এর মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাসঃ

মুক্তিযুদ্ধের সময় শ্যামল ছেলেটি আগুনে পুড়ে গিয়েছিল।

ব্যাখ্যাঃ ১.শ্যামল ছায়া; ২. আগুনের পরশমনি।

☞ হুমায়ুন আহমেদ এর নাটকঃ

আজ রবিবার, কোথাও কেউ নেই। বহুব্রীহির এইসব দিনরাত্রি অয়োময় লাগে।

ব্যাখ্যাঃ আজ রবিবার; কোথাও কেউ নেই; বহুব্রীহি; এইসব দিনরাত্রি; অয়োময়।

☞ হুমায়ুন আহমেদ এর চলচ্চিত্রঃ

শ্রাবনের মেঘের দিনে, দুই দুয়ারী শ্যামলছায়া শঙ্খনীল কারাগারে বসে আগুনের পরশমণি দেখছে। প্রিয়তমেষু ঘেটু পুত্র কমলা, দারুচিনি দ্বীপের সাজঘর থেকে নয় নম্বর বিপদ সংকেতে নিরন্তর দূরত্ব চন্দ্রকথা মনে করলেন এবং অনীল বাগচী একদিন বললের আমার আছে জল।

ব্যাখ্যাঃ শঙ্খনীল কারাগার(১৯৯২); আগুনের পরশমনি(১৯৯৪); শ্রাবণ মেঘের দিন(১৯৯৯); দুই দুয়ারী(২০০০); চন্দ্রকথা(২০০৩); শ্যামল ছায়া(২০০৪); দূরত্ব(২০০৬); নন্দিত নরকে(২০০৬); নিরন্তর(২০০৬); নয় নম্বর বিপদ সংকেত(২০০৬); দারুচিনি দ্বীপ(২০০৭); সাজঘর(২০০৭); আমার আছে জল(২০০৮);প্রিয়তমেষু(২০০৯); ঘেটু পুত্র কমলা(২০১২); অনীল বাগচীর একদিন(মরণোত্তর ২০১৫)।

শামসুর রাহমান (১৯২৯-২০০৬)

☞ শামসুর রাহমান এর কাব্যগ্রন্থঃ

রৌদ্র করোটিতে নিজ বাসভুমে বসে শামসুর রাহমান শুনতে পান প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে দু:সময়ের মুখোমুখি হওয়া দেশ দ্রোহিরা গৃহযুদ্ধের পর বন্দী শিবির থেকে মুক্তি পায় এবং উদ্ভট উটের পিঠে চলছে স্বদেশ। কিন্তু হরিণের হারে নয় এক ফোটা কেমন অনলে বিধ্বস্ত নীলিমা আজও বাংলাদেশ স্বপ্ন দ্যাখে।

ব্যাখ্যাঃ রৌদ্র করোটিতে(১৯৬৩); শুন্যতায় তুমি শোকসভা(১৯৭৭); প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে(১৯৬০); বন্দী শিবির থেকে(১৯৭২); উদ্ভট উটের পিঠে চলছে স্বদেশ(১৯৮২); হরিণের হাড়(১৯৯৩); এক ফোটা কেমন অনল(১৯৮৬); বিধ্বস্ত নীলিমা(১৯৬৭); বাংলাদেশ স্বপ্ন দ্যাখে(১৯৭৭)।

☞ শামসুর রাহমান এর আত্মস্মৃতিঃ

স্মৃতির শহর কালের ধুলোয় লেখা

ব্যাখ্যাঃ স্মৃতির শহর(১৯৭৯); কালের ধুলোয় লেখা(২০০৪)।

☞ শামসুর রাহমান এর উপন্যাসঃ

নিয়ত মন্তাজ অদ্ভুত অক্টোপাস নিয়ে এলো সে অবেলায়।

ব্যাখ্যাঃ নিয়ত মন্তাজ(১৯৮৫); অদ্ভুত আধাঁর এক(১৯৮৫); অক্টোপাস(১৯৮৩); এলো সে অবেলায়(১৯৯৪)।

বি.দ্র. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যখন কারাগারে ছিলেন(১৯৬৬ বা ৬৭) তখন তাকে উদ্দেশ্য করে কবি একটি কবিতা রচনা করেন তার নাম **টেলেমেকাস**।

বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন (১৮৮০-১৯৩২)

☞ বেগম রোকেয়ার গ্রন্থঃ

অ সুলমতি ডেলি পদ্ম।

ব্যাখ্যাঃ অ=অবরোধবাসীনী; **সুল**=সুলতানার স্বপ্ন; **মতি**=মতিচুর; **ডেলি**=ডেলিসিয়া হত্যা; **পদ্ম**=পদ্মরাগ।

অথবাঃ অবরোধবাসিনীর সুলতানা, স্বপ্নে দেখেছিল পদ্মরাগিনী মতিচুরি করতে গিয়ে ডিলিসিয়কে হত্যা করেছে।

ব্যাখ্যাঃ প্রবন্ধ: মতিচূর; উপন্যাস: অবরোধবাসিনী; পদ্মারাগ; সুলতানার স্বপ্ন(Sultana's Drama)।

ড. মুহাম্মদ শহীদুল্লাহ (১৮৮৫-১৯৬৯)

☞ ড.মুহাম্মদ শহীদুল্লাহ'র গবেষণামূলক গ্রন্থঃ

ড. মুহাম্মদ শহীদুল্লাহ **বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান** ভাষা ও সাহিত্য ছাড়া **বাংলা সাহিত্যের কথা** নিয়ে **বাংলা ভাষার ইতিবৃত্ত** গবেষণা করলেন।

ব্যাখ্যাঃ বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান: ভাষা ও সাহিত্য; বাংলা সাহিত্যের কথা; বাংলা ভাষার ইতিবৃত্ত।

অদ্বৈত মল্লবর্মণ (১৯১৪-১৯৫১)

☞ অদ্বৈত মল্লবর্মণ এর উপন্যাসঃ

সাদা হাওয়ায় তিতাস নদীতে উড়ে অদ্বৈতর রাঙ্গামাটির নৌকার পাল।

ব্যাখ্যাঃ সাদা হাওয়া(নাগরিক উপন্যাস); তিতাস একটি নদীর নাম(বিখ্যাত উপন্যাস): রাঙ্গামাটি।

☞ মাত্রাবৃত্ত ছন্দে রচিত কবিতা ঃ

পাঞ্জেরী তার সোনার জীবন আঠার বছর বয়সে কবর দেয়। সুজন ফর

সু=সুকান্ত ভট্টাচার্য (আঠার বছর বয়স)। জ=জসিম উদ্দীন (কবর)। ন=নজরুল ইসলাম (জীবন বন্দনা)। ফ=ফররুখ আহমদ (পাঞ্জেরী)। র=রবীন্দ্রনাথ ঠাকুর (সোনার তরী)।

অথবাঃ সো-জী-পা-আ-ক অথবা সোনার তরী জীবন-বন্দনা পাঞ্জেরিকে আঠারো বছর বয়সে কবর দিল।

উল্লেখ্য, উচ্চ মাধ্যমিক সিলেবাসের মধ্যে মোট ১০টি কবিতা রয়েছে। এর মধ্যে ৫টি মাত্রাবৃত্ত ছন্দে এবং বাকি সবগুলো অক্ষরবৃত্ত ছন্দে লেখা। কেবল সৈয়দ আলী আহসান এর 'আমার পুর্ব বাংলা গদ্য ছন্দে লেখা। গদ্য ছন্দ হলো এক প্রকার ব্যতিক্রমী ছন্দ।

☞ অক্ষরবৃত্ত ছন্দে রচিত কবিতা ঃ

ব(বঙ্গভাষা)-বি(বাংলাদেশ)-তা(তাহারেই পড়ে মনে)-একটি ফটোগ্রাফ।

☞ ১০টি কবিতা যে কাব্য থেকে নেওয়া হয়েছেঃ

'বাংলাদেশি' ***অনিঃশেষ*** স্যারের বান্ধবী **পাঞ্জেরী** হলেন একজন ***সাত সাগরের মাঝি,*** তিনি **রাখালী** নামক একটি ছেলেকে ***কবরে*** পুঁতে রেখে **সন্ধ্যা** বেলা ***জীবন-বন্দনা*** সেরে **সোনার তরী** তে **চড়ে এক সন্ধ্যার বসন্তে** ***আমাদের পূর্ব বাংলা***য় চলে আসেন। কিন্তু **আঠারো** বছর বয়স পূর্ণ না হওয়ায় সরকার তাকে ***ছাড়পত্র*** দেন নি। এদিকে বেচারা মাইকেল **বঙ্গভাষায়** ***চতুর্দশপদী কবিতা*** লিখে দেশে চলে আসেন। বিদেশের **একটি ফটোগ্রাফে** র জন্য তার মনে ***একফোটা কেমন অনল*** প্রবাহ বয় এবং প্রতি **সাঁঝে** ***তাহারেই পড়ে মনে***। [সোনার তরী কবিতাটি সোনার তরী কাব্যগ্রন্থ থেকে নেয়া হয়েছে]।

☞ মোট গল্প/প্রবন্ধ ১১টি। এর মধ্যে ৫টি সাধুরীতিতে এবং ৬টি চলিত রীতিতে লেখা ঃ

সাধুরীতিতে রচিত গল্প সমুহ: হৈমন্তী ও বিলাসী স্বামীকে বললেন কমলাকান্তের অর্ধাঙ্গী যৌবনের গান গাইতে।

অথবাঃ কমলাকান্ত যৌবনে হৈমন্তীকে ভালবাসলেও অর্ধাঙ্গী হিসাবে বিলাসীকেই মেনে নিল।

চলিত রীতিতে রচিত গদ্যঃ কলিমদ্দি দফাদার সাহিত্যে খেলা করলেও একুশের গল্পের মতোই তার জীবন। তারমত দুর্নীতিবাজদের জীবন তুলসী গাছের কাহিনীর মতোই অপরাহ্নে ঝরে পড়বে।

☞ কবিদের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ ঃ

শামসুর রাহমানের প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে' কাব্যগ্রন্থে নায়কের অভিনয় করেন কবি রবীন্দ্রনাথ ঠাকুর নিজেই আর নায়িকার অভিনয় করেন জসীম উদ্দীনের মেয়ে রাখালী এবং ফররুখ আহমেদ অভিনয় করেন সাত-সাগরের মাঝির অপর একটি কাহিনীতে মধুসুদনের মেয়ে তিলোত্তমা কে কলেজ থেকে সুকান্ত ভট্টাচার্য ছাড়পত্র প্রদান করতে চাইলে নজরুলের মেয়ে অগ্নিবীনা প্রতিবাদ জানায় এবং ঘটনাটি অমীয় চক্রবর্তী খসড়া করেন।

☞ লেখকদের প্রথম প্রকাশিত প্রথম উপন্যাস ঃ

নজরুলের বাঁধনহারা ছেলেটিকে রবি ঠাকুর করুণা করলে আবু ইসহাকের সুর্যদীঘল বাড়িতে শরৎচন্দ্রের বড়দিদিকে বিয়ে করতে পারে এবং বিয়ের দিন বঙ্কিমের মেয়ে দুর্গেশ নন্দিনী, সৈয়দ ওয়ালীউল্লাহর লালসালু,হুমায়ুন আহমেদের নন্দিত নরকে, বেগম রোকেয়ার পদ্মরাগ এবং মীর মশাররফ হোসেনের রত্নাবতী উপন্যাসগুলো তাদের উপহার দেন।

☞ লেখকদের প্রথম প্রকাশিত প্রথম গল্পগ্রন্থ ঃ

প্রমথ চৌধুরীর কাছে চার ইয়ারী কথা শুনে রবি ঠাকুর ভিখারিনী বেশে শরৎচন্দ্রের সাথে মন্দিরে পূজা দিতে গেল।

☞ বিভিন্ন লেখকদের বাজেয়াপ্ত বইসমূহ ঃ

শরৎ বাবুর পথের দাবি উপন্যাসটিতে তসলিমা নাসরিন প্রেম নিয়ে ছিনিমিনি খেলা করে দ্বিখন্ডিত করে ইসমাইল সিরাজীর জীবন। তাই তার মনে অনল প্রবাহ বইছে। এজন্য হুমায়ুন আজাদ নারীদের ঘৃণা করে।

☞ গল্পের চরিত্র মনে রাখার টেকনিক ঃ

হৈমন্তী: গৌরী শঙ্কর বাবুর একমাত্র মেয়ে হৈমন্তীর সাথে অপুর বিয়ে হয়। বিয়ের পর অপুর একমাত্র বোন নারানীর সাথে হৈমন্তীর ভাল সম্পর্ক গড়ে ওঠে। বিয়ের ঘটক ছিল গৌরীশঙ্কর বাবুর বন্ধু বনমালী বাবু।

☞ অনুবাদ গ্রন্থ সমূহ ঃ

বাল্মীকি'র রামায়ণ রচনার **কীর্তি** ই **চন্দ্রাবতী**'র মন কেড়ে নেয়।
বেদব্যাস ভাগবত রচনা করায় **শ্রীকৃষ্ণ বিজয় মালাধর বসু** অনুবাদ করে।
জামী ইউসুফ জোলেখা'র ছেলে গরীবুল্লাহ কে বলল হাস (**হাকিম+সগীর**)।

☞ মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস ঃ

শওকত আলীর সাথে **যাত্রা** করবেন আল মাহমুদের **উপমহাদেশ** কিভাবে যাত্রা করি বলুন তো, রশিদ হায়দারের **খাচায়** যে আবু জাফর শামসুদ্দিন তার চার **দেয়াল** এ বন্দি করে রেখেছেন আমাদেরকে। আমরা কি বন্দি থাকতে পারি ইমদাদুল হক মিলনের **কালো ঘোড়া** আছেনা ওর পিঠেই সউয়ার হব আজ সেলিনা হোসেনের **হাঙ্গর নদী গ্রেনেড** পেরিয়ে **যুদ্ধ** করব ঐ বর্বর পাক হানাদের বিরুদ্ধে। আমরা তো বাঙালি মরতে জানি কিসের ভয়? তাহমিনা আনামের এ **গোল্ডেন এজ** এ রাবেয়া খাতুন তার **ফেরারি সূর্য** প্রজ্জলিত শিখার মত জালিয়ে রেখেছেন। কি ভাবছেন এত পথ যতই কঠিন হক সরদার জয়েন উদ্দিনের **বিদ্ধস্থ রোদের ঢেউ** চলছে হৃদয় পারের আঙ্গিনায় চলুক না হুমায়ুন আহমেদের **শ্যামল ছায়ায়, আগুনের পরশমনি** জালিয়ে রাখব ঐ পাক হানাদারদের বুকে শেষ বুলেট গেথে দিতে। শওকত ওসমানের **দুই সৈনিক** এখনো অপেক্ষায় **নেকড়ে অরণ্য** তে যেভাবেই হোক **জলাঙ্গি** কে সাথে নিয়ে **জাহান্নাম হতে বিদায়** নেবেই। সৈয়দ শামসুল হক নিজেকে আর স্থির রাখতে পারছে না এ কেমন **নীল দংশন** নিজেকেই মনে হয় **নিষিদ্ধ লোবান** সে সময়ে আনোয়ার পাশা বললেন ওরা হায়েনা, ওরা জানোয়ার ওরা আমাকে বাধ্য করেছে **রাইফেল রোটি আওরাত** লিখতে।

বাংলা ব্যাকরণ

☞ ধ্বনি তত্ত্বের আলোচিত বিষয় সমূহঃ

বর্ণ মিলে সন্ধি হয়, ন-ত্ব, ষ-ত্ব বিধান কয়।

ব্যাখ্যাঃ বর্ণ, সন্ধি, ন-ত্ব বিধি, ষ-ত্ব বিধি।

☞ রুপতত্ত্ব বা শব্দতত্ত্ব এর আলোচিত বিষয় সমূহঃ

কারক, সমাস, কাল, ক্রিয়া
ধাতু, লিঙ্গ, বচন নিয়া
ভক্তি, প্রত্যয় পাবে তুমি
রুপতত্ত্বের স্বর্গে গিয়া।

ব্যাখ্যাঃ কারক, সমাস, কাল,ক্রিয়া, ধাতু, লিঙ্গ, বচন, পুরুষ, উপসর্গ, বাচ্য, প্রত্যয়।

☞ বাক্য তত্ত্বের আলোচিত বিষয় সমূহঃ

পদক্রম, বাগধারা
উক্তিবাচ্য, বিরাম হারা।

ব্যাখ্যাঃ পদ, বাগধারা, ধ্বনি গঠন, যতিচিহ্ন।

☞ ব্যাকরণের কোন অংশে কি আলোচিত বিষয়ঃ

ব থাকলে বাক্যতত্ত্ব। যেমনঃ বাক্য সংকোচন, বিরামচিহ্ন, বাচ্য, বাচ্য পরিবর্তন, বাগধারা, বাক্যের প্রয়োগ, বাক্য সংযোজন/বিশ্লেষণ।

ন থাকলে ধ্বনিতত্ত্ব। যেমনঃ সন্ধি, ধ্বনি, ধ্বনির উচ্চারণস্থান, ধ্বনি পরিবর্তন, ন-ত্ব বিধান।

ব আর ন বাদে বাকি সব শব্দ বা রুপতত্ত্ব।

বিভিন্ন প্রকার শব্দ

☞ তৎসম (সংস্কৃত) শব্দঃ

পর্বত ও নদী অঞ্চলে সুন্দর বৃক্ষলতা ও পুষ্প পদ্যের গৃহ দেখা যায়, সেখানে তাপসী তরুণী ও মানব কন্যা বর্ষার রাত্রিকে নৌকায় চন্দ্রকে সাক্ষী রেখে নৃত্য করে এবং সকাল বিকাল চর্মকার স্বামী ও সম্রাট প্রখর সুর্যের নীচে তাদের জীবন মৃত গৃহিণীকে বৈষ্ণব সাজিয়ে ধর্ম কর্ম করে মুক্তি লাভের চেষ্টা করে।

অথবাঃ হস্তে যদি থাকে শক্তি, চন্দ্র সূর্য করবে ভক্তি। ভবনের পত্র ধর্ম, লাভ ক্ষতি মনুষ্য পর্বতের কর্ম। সন্ধ্যায় করোনা ভোজন, শয়ন, গমণ।

☞ অর্ধতৎসম (আধা সংস্কৃত) শব্দঃ

ছেরাদ্দের নেমন্তনে গিয়ে বোষ্টম ও যজ্ঞি কেষ্ট চন্দনের গিন্নী জ্যোছনাকে কুচ্ছিত বেরাক্রণ অবস্থায় দেখতে পেল।

অথবা: বোষ্টম ও যজ্ঞি কেষ্ট ছেরাদ্দের নেমন্তনে গিয়ে চন্দনের গিন্নী জ্যোছনাকে কুচ্ছিত বেরাক্ষণ অবস্থায় দেখতে পেল।

অথবাঃ গিন্নী মাগি জোছনা কুচ্ছিত গতরে, বোস্টমের বাড়িতে নেমন্ত্রণ খেতে যান। পুরুত ও কেষ্ট খিদে পেয়ে শুধু আদা খান।

☞ তদ্ভব (তৎ=তা; ভব=উৎপন্ন) শব্দঃ

চাঁদের মা সাঁঝের বেলায় সাপের মাথায় হাত বুলায়; কাঠের কোণে ঘি ঢেলে চামার কামার পায়ে হেঁটে চলে যায়।

অথবাঃ ঘরে মড়ক লেগে রাখালের বাপ মা মারা গেলে এতিম ছেলে হালকা পাতলা আমানি পান্তা , চিড়া খেয়ে আট পৌরে ছাতা জুতা আলনা আফিম ও বোতল নিয়ে তার মেয়ে শিউলির বাড়িতে যায়, সেখানে বোনঝি র বিয়ের পর ঘোড়ার জট নিয়ে ঘরে ফেরে।

তদ্ভব শব্দসমূহঃ গোয়াল, গরু, ঘোড়া, উট, হাতি, গাধা, সাপ, সোনা, রুপা, আম, ছাতা, লাঠি, বাতি, হাত, পা, চোখ, কান, এক, দুই, তিন,পোয়া, সাড়ে, দেড়, আধ,মা, বাপ, ভাই, বোন, মামা, জ্যাঠা, কামার, বাঁদর, ভাত, ভাপ, মেয়ে, মড়ক, মমাস, রাখল, শিউলি, কুমার, পয়লা, দোসরা, পাঁচই, আমি, তুমি, তিনি, চলে, হয়, নাচে, কাল,ভালো, হালকা, পাতলা, বাছুর, বাঁঝা(বাঁজা), আজ, আলতা, আটপৌরে, দেউলিয়া, দেউটি, উনুন, এয়ো, ওঝা, চিড়া, ছুতা, ছাতা, জট, ঝি ইত্যাদি।

☞ দেশি শব্দঃ

ঢাগর-ডাগর ছেলেরা নেড়া হয়ে ধুতি ও টোপর পরে চোঙগা ডিঙ্গিতে চড়ে লাঠি ঝাটা ঢাক-ঢোল পিটিয়ে কুড়ি গাড়ি ডাব তেঁতুল ঝিঙা নিয়ে গঞ্জে যায়। ওদিকে আবার বাড়ির চুলার পাশে খোকা-খুকিরা খোপা নাড়িয়ে ঢেঁকির কুলায় ধান ঝাড়ে। ঢিল ছোড়ায় পেটে ডাহা ঝোল লাগে।

শব্দসমূহঃ ডাগর, ছেলে, নেড়া, ধুতি, টোপর, চোঙগা, ডিঙ্গা-ডিঙ্গি, লাঠি, ঝাঁটা, ঢাক, ঢোল, কুঁড়ি, গাড়ি, ডাব, তেঁতুল, ঝিঙা, গঞ্জ, বাড়ি, চুলা, খোকা-খুকি, খোপা, ঢেঁকি, কুলা, ধান, ঝাড়া, পেট,ঝোল, ঢেউ, ঢিল, ডাহা।

☞ পর্তুগীজ শব্দঃ

পর্তুগীজ গীর্জার পাদ্রি ও বোবা কেরানী মিস্ত্রি কামরার জানালার ধারে বসে আয়ার সাথে বৈশাখী আচার-আলাপের সময় পিস্তল ঠেকিয়ে তোয়ালে দিয়ে বেঁধে গুদামের চাবি ফিতা কেঁড়ে আনারস পাউরুটি ও সাবান নিয়ে গেল।

অথবা: এক পর্তুগীজ পাদরি, বালতির ভিতর আনারস, আলপিন, পাউরুটি নিয়ে গির্জার গুদামে চাবি দিয়ে রাখল , কেরানী আলমারী ভেঙ্গে কামরার জানালা দিয়ে তা দেখল।

অথবা: এক পর্তুগিজ পাদ্রি মিস্ত্রি সেজে গলায় ক্রুশ ঝুলিয়ে আলকাতরা, ইস্পাত পেরেক আলপিন দিয়ে কাজ করে সাবান দিয়ে গোসল করল এবং ইস্তিরি করা তোয়ালে দিয়ে গা মুছে শার্টের বোতাম লাগিয়ে পাউরুটি খেয়ে বালতির ভিতর আনারস, আতা, পেঁপে, পেয়ারা, কপি নিয়ে গির্জার গুদামে চাবি দিয়ে রাখলো। কিন্তু কেরানি আলমারি সরিয়ে মিস্ত্রি এনে তাকে পিস্তল ও বোমার ভয় দেখিয়ে কামরার জানালা ভেঙ্গে গির্জার মধ্যে প্রবেশ করল। বোমার শব্দ যাতে কানে না লাগে সেজন্য ফর্মা ফিরিঙ্গি ফিতা পরিহিত ফালতো লোক বেহালার সুর তুলে নৃত্য করতে লাগল।

☞ ফরাসি শব্দঃ

ফিরিঙ্গির প্রোগ্রামে ফরাসী রেস্তোরার ডিপোতে রেনেসাঁ বিস্কুটের পরিবর্তে কার্তুজ কুপন পাওয়া যায়।

অথবা: ওলন্দাজ ও দিনেমারের বুর্জোয়া ছাত্ররা আতাঁত করে কার্তুজ নগরীর ডিপো ক্যাফে গ্যারেজ রেস্তোরাঁ সর্বত্র কুপন ছাড়লো।

☞ ওলন্দাজ শব্দঃ

ওলন্দাজরা ইস্কাপন, রুইতন, হরতন, তুরুপ ও টেক্কা খেলে।

শব্দসমূহঃ ইস্কুপ, ইস্কাপন, রুইতন, হরতন, তুরুপ, টেক্কা।

☞ জাপানি শব্দঃ

হাস্‌নাহেনা, ক্যারাটে ও জুডো খেলতে রিক্সা যোগে হারিকিরি যায়।

শব্দসমূহঃ হাস্‌নাহেনা, ক্যারাটে, জুডো, রিক্সা, হারিকিরি।

☞ পাঞ্জাবি শব্দঃ

তারকা শিখদের পাঞ্জাবীর চাহিদা বেশি।

☞ গ্রীক শব্দঃ

সেমাই এর দাম দেখে ইউনানি সুড়ং হল।

শব্দসমূহঃ সেমাই, দাম, ইউনানি, সুড়ং।

☞ গুজরাটি শব্দঃ

হরতালের জয়ন্তীতে গুজরাটে খদ্দর পাওয়া যায়।

শব্দসমূহঃ হরতাল, জয়ন্তী, খদ্দর।

☞ হিন্দী শব্দঃ

জঙ্গলের কমলা আন্দাজে ওজন দেওয়াতে হিন্দুর বাচ্চা সাথীর চেহারা ঠান্ডা পানিতে খিল হয়ে গেল।

অথবাঃ চামেলি মিঠাই খেয়ে কমলা রঙের জামা পরলে তাকে বাচ্চার মত দেখাচ্ছিল। এমন সময় তরকারি ওয়ালা ছিনতাই করতে এলে চামেলি তাকে ডেরা করে পানিতে ফেলে দিল। টহল পুলিশ বার্তা পেয়ে জলদি ধরতে এলে তাদের ফালতু বলে ঠান্ডা মেরে চাহিদা মত পুরি খাওয়াল।

শব্দসমূহ হলোঃ আগড়ম-বাগড়ম, আচ্ছা, কাছারি, কাহিনি, কুত্তা, খাম(খুঁটি অর্থে), খুজলি, খেলনা, গদি, ঘাবড়ানো, ঘুষাঘুষি, চাঁদোয়া, চাচা, চাটা, চাটাই, চানা,(চানাচুর), চাপাতি(রুটি বিশেষ), চিড়িয়া, চোট্টা, ছাতি(বুক অর্থে), ছালুন, জায়গা, জিলাপি, ঝান্ডা, ঝামেলা, টপ্পা, ঠিকানা, ঠক্কর, ডালপুরি, ঢিলা, তার, দাদা, দাদি, দুলা, ধোলাই, পানি, ফুফা, ফুফি, বড়াই, বেটা, ভরসা, সুজি, ওয়ালা, ছিনতাই, ডেরা, টহল, ডেমরা, ইস্তক।

☞ উর্দু শব্দঃ

আব্বুর কলিজা হল(হল্লা) ছিলিম চুঙ্গি, ঘাগরার ঠুমরিতে বদলায়।

শব্দসমূহঃ আব্বু, কলিজা, ঘাগরা, চুঙ্গি, ছিলিম(কল্কি অর্থে), ঠুমরি, বদলা, হল্লা।

☞ তুর্কি শব্দঃ

উর্দুভাষী পুলিশ দারোগা বাবু আলখেল্লা পরে সওগাঁত বাহাদুর দাদা কুলি তোপের লাশকে গালিচায় ফেলে চাকরের বোচকা চাকু কাঁচি দ্বারা কেটে বাবুর্চিকে দিয়ে কোর্মা বানিয়ে খেয়েছে। {বাবু:বাবা, বাবু}

অথবাঃ তুর্কি দারোগার তোপের মুখে বাহাদুর দাদা চাকরকে বাবুর্চির চাকু দিয়ে লাশ কাটতে বললেন।

অথবাঃ মোঘল খান বাহাদুরের লাশ খুঁজে পাওয়া যাচ্ছে না। এক উর্দি পরা কোঁতকা দারোগা কঞ্চি হাতে লাশ তালাশ করছিল। তালাশ করে সে খুঁজে পেল চাকু, কাঁচি, যা চকমক ঝকমক করছে। চিকের আড়ালে বাবুর্চি খাঁ সাহেবের খোকার জন্য কোর্মা রান্না করছিল। দারোগা বাবুর্চিকে জিজ্ঞাসা করলে সে বলর, আপনি আমার দাদা ঠাকুর, বাবা সওগাত আমি কিছুই জানি না। এখানে বাস করে চাকর, কুলিরা। আপনি তোপ দেন, তারা কাবু হয়ে সব বলে দিবে।

☞ আরবি শব্দঃ

ইসলামের প্রথম স্তম্ভ ঈমান। আল্লাহ কোরআনে ও নবী হাদিসে হালাল-হারাম, ওযু গোসল-তায়াম্মুম, তওবা-তসবী,হজ্জ-যাকাত-কোরবানি, জান্নাত-জাহান্নাম ও কিয়ামত সম্পর্কে বিস্তারিত বলেছেন।

অথবা: আলেমগণ ঈদের দিন জান্নাতের কথা চিন্তা করে আল্লাহর উপর ঈমান এনে ওযু গোসল করে হজ্জ যাকাত কুরবানি শেষে কুরআন হাদিস পড়ে তওবা তসবি নিয়ে উকিল মোক্তার সহ মহকুমার আদালতে গিয়ে এলেম শিক্ষা দেয়ার জন্য ইনসানের সাথে ওজর করল; এজলাসের মুনসেফ কিয়ামতের কথা ভুলে গিয়ে জাহান্নামকে বাকিতে রেখে হালাল হারাম না দেখে ইসলামি কিতাবের নিয়ম কানুন না পড়ে দোয়াত কলম দিয়ে গায়েবি কেচ্ছা কাহিনি বলে নগদে প্রস্তাব খারিজ করে রায় দিল ।

শব্দসমূহঃ অন্দর, আজগুবি, আদাব, আদালত, আমলা, আমানত, আয়েশ, আসামি, ইজারা, ইঞ্জিল, ইমন, ইমারত, ইশারা, ইশ্‌তেহার, উকিল, উজির, এখতিয়ার, এতিম, এলাকা,ওয়ারিশ, কদর, কলপ, কলম, কালিয়া, কুমকুম, কুলুপ, খবর, খাজনা, খালাস, গরিব, জলসা, জেলা, তালিকা, তবলা, তুফান, তুলকালাম, দালাল, নকল, নকশা, নিকাহ, ফসল, বকেয়া, মফস্বল, ময়দান, মশাল, মসলা, মুনাফা, মুলতবি, মোলায়েম, লেবাস, লোকসান, শহিদ, হুলিয়া, সবুর, তকলিফ, দখল, তদারক, শতরঞ্জ, জালিয়াতি, মুশকিল, ওয়াকিফ, কবুল, মুরিদ, নেয়ামত, মোক্তার, মামলা, তদবির, তকদির, আমেন, শরিক, হামলা, ফয়সালা, মৌসুমি, হলফ, ওস্তাদ, জমায়েত, বরাত, মিছিল, হেলাল, সফল, মর্সিয়া, হাওয়া, জাহাজ, মুসাফির, জুলমাত, গাফলত, খেয়াল, মুজলুম, বাজে, কৈফিয়ত, জামিন, হাকিম, মুহুরি, উকিল, আবির, আলাদা, কবর, কলপ, কসাই, কুলুপ, কেচ্ছা, কেল্লাফতে, খসড়া, জৌলুস, তারিখ, দুনিয়া, নাকাল, ফতোয়া, মল্লিক, মসজিদ, মহকুমা, মৌলবি, রায়, লেবু, হালুয়া।

☞ ফারসি শব্দঃ

নামাজ রোজা পালন না করলে গুনাহ হয়। তাই পয়গম্বরদের কথা না মানলে ফেরেস্তারা খোদার আদেশে বেহেশতের পরিবর্তে দোযখে নিয়ে যাবে।

অথবাঃ নামায রোযা না করলে গুণাহ হয়, তাই বেহেস্তে যেতে পারবে না। তখন পয়গম্বর ও ফেরেস্তারা খোদার নির্দেশে দোযখে নিয়ে যাবে।

বাদশাহ ও বেগম একদা দরবারে এক বান্দাকে সরকারি (সরকার) চাকুরি দিতে চাইলেন। কিন্তু সে মেথর সম্প্রদায়ের লোক হওয়ায় দফতরে'র কয়েকজন বদমাস জানোয়ার বলে হাঙ্গামা শুরু করলেন। এতে বাদশাহ দস্তখতকৃত নালিশ গ্রহণ করে তাদের বরদাশত না করে জামদানি বখশিশের পরিবর্তে বরখাস্ত করলেন এবং জল্লাদকে বললেন আদমিদের জিন্দা-গর্দান কাটা হোক। কারিগররা চশমা তৈরি করে কারখানায়। কারখানাটি ঢাকার গুলশানে অবস্থিত। চশমা বিক্রি করে বাজারের দোকানে। কারিগর চশমা তৈরির জন্য কাঁচামাল আমদানি করে এবং ভালভাল চশমা রপ্তানি করে। আর এই চশমা সে খুচরা ও পাইকারি দুই ভাবেই বিক্রি করে। জামাই বিয়ে করার সময় পাজামা পাঞ্জাবি পরে মুখে রুমাল দেয়। বিয়েতে মোরগ পোলাও মুরগীর রোস্ট বিরিয়ানী জর্দা দেয়া হল। জামাই এসব না খেয়ে সাগরেদদের শানাই বাজাতে বলে আপন মনে আলু তরমুজ শালগম ও মরিচের সবজি খাওয়া শুরু করল।

শব্দসমূহঃ আইন, কানুন, আজাদ, আড়ৎ, আন্দাজ, আপোস, আফিম, আবদার, আমদানি, আমেজ, ইয়ার, জেসমিন, ইসবগুল, কবুতর, কমর, কামান, কিমা, খায়েশ, গরম, গোয়েন্দা, গ্রেফতার, চাদর, চালাক, জঙ্গি, জখম, জরিমানা, তাজা, দরিয়া, দালান, দেওয়ানা, দোয়াত, নাম, নালিশ, নিশান, পলক, পেঁয়াজ, পোলাও, পোশাক, ফরিয়াদ, বখশিশ, বরখাস্ত, বস্তা, বাগান, বাচ্চা, বাজার, রং, রুমাল, শনাক্ত, সানাই, শালগম, সালোয়ার, সওদাগর, সস্তা, সিপাই, সুদ, গালিচা, দোকান, গুজব, দরদ, সরকার, হাঙ্গমা, চাকুরি, তামাশা, চিজ, আওাজ, পেয়ালা, নজরানা, ফরমান, বাজি, তালাশ, বাহাদুর, আদমশুমারি, আফগান, পাঞ্জেরি, সিয়া, জিন্দেগানি, বাব, খাব, দিল, বন্দর, পেরেশান, কারখানা, কারচুপি, কারবার, কিংখাব, কিনারা, খোদা, খুশি, গোলাপ, জবানবন্দি, জেনানা, তোশামোদ, দারোগা, পয়জার, পরি, পাজি, পায়তারা, পালোয়ান, পোদ্দারি, বুনিয়াদ, বাদশাহি, বিমা, মগজ, মজুর, মেথর, মোরগ, রোঁদা, লঙ্গরখানা, লাল, সফেদ, সর্দিগর্মি, সেতার, হাতেশা, হিন্দু, হুঁশ, হুঁশিার, খতরনাক, ফৌজদারি।

☞ **বিবিধ শব্দঃ**

জার্মানির নাৎসি ও ইতালির মাফিয়ারা বর্মির লুঙ্গি, ফুঙ্গি পরে, দক্ষিণ আফ্রিকার জেব্রা ধরতে গেলে অস্ট্রেলিয়ার ক্যাঙারু বুমেরাং হল। এদিকে তামিলরা চুরুট বা চুরট বানানোর জন্য মেক্সিকান চকোলেট ও পেরুর কুইনাইন আনতে মালয়ের আইলার জন্য কিরিচ আনতে পারলনা।

ব্যাখ্যাঃ জার্মান শব্দ নাৎসি; ইতালি শব্দ মাফিয়া; বর্মি শব্দ লুঙ্গি, ফুঙ্গি; দক্ষিণ আফ্রিকার শব্দ জেব্রা; অস্ট্রেলিয়ার শব্দ ক্যাঙারু ও বুমেরাং; তামিল শব্দ চুরুট বা টুরট; মেক্সিকান শব্দ চকোলেট; পেরুর শব্দ কুইনাইন, মালয় শব্দ আইলা, কিরিচ।

☞ **যৌগিক শব্দঃ**

মধুর পড়ুয়া গায়ক কর্তব্য না করে বাবুয়ানা ভাব করে দৌহিত্রকে নিয়ে চিকামারতে গেলেন।

অথবাঃ পিতৃহীন মিতালি চিকামারতে গিয়ে কর্তব্য পালন না করে বাবুয়ানা ভাব করায় দৌহিত্র নিজেই যান এবং এক গায়কের মধুর কণ্ঠের গান তন্ময় হয়ে শোনে।

☞ **রুঢ়/রুঢ়ি শব্দঃ**

তেলে ভাজা সন্দেশ খেয়ে এক প্রবীণ গবেষণা করে আজ পাঞ্জাবী পরে হস্তীর পিঠে চড়ে দারুণ বাঁশি বাজায়।

অথবাঃ একদা এক প্রবীণ গবেষণা ছেড়ে তেলে ভাড়া সন্দেশ খেয়ে পাঞ্জাবি পরে হস্তীর পিঠে চড়ে বাঁশি বাজাতে লাগলেন।

☞ **যোগরুঢ় শব্দঃ**

রাজপুত পঙ্কজ মহাযাত্রায় গিয়ে জলধির কাছে দৈবৎ হয়ে রইলেন।

অথবাঃ রাজপুত পঙ্কজ সরোজকে জানিয়ে দিলেন যে তিনি অন্ন ধ্বংস না করে মন্দির ছেড়ে বলদ নিয়ে জলধির দিকে মহাযাত্রা করবেন।

☞ **খাটি বাংলা উপসর্গ (২১টি) ঃ**

অজ অঘা ইতির রামের, কু হাসুনি স বি সা, অভাবে অনাদরে, আব আড় পাতি ভরে, উনিশ আঁকড়া কদবেল আনালো।

অথবাঃ অঘারাম অকেজো। অজ পাড়াগাঁয়ে অনাদরে বড়। আধোয়া চালের ভাতও ভরপেট সে খেতে পায় না। তবে সে আড়চোখে আড়ালে আবডালে ইতিহাসেনর দিকে লক্ষ করে। ভাবে, কবে সে সাজোয়ানের মতো একাই উনিশটি কদবেল খাবে, কুঅভ্যাসগুলো ত্যাগ করবে, নিখুঁতভাবে চলবে। এ নিয়ে আনকোরার মতো সে হাপিত্যেশ করতে থাকে। তার এই বিফল স্বপ্নে পাতিকাফ হাসে, রামছাগল সরবে বলে, সুদিন তোমার আসবে না।

অথবাঃ

অ, অঘা, অজ, অনা
আ, আন, আব, আড়, ঊনা(উন)।
কদ, কু, নি, ভর, পাতি
বি রাম, সা হা, সু স, ইতি।

উপসর্গঃ অ; অঘা;অজ;অনা; আ; আড়; আন; আব; ইতি; উন(ঊনা); কদ;কু; নি; পাতি; বি;ভর; রাম;স;সা;সু;হা।

☞ তৎসম উপসর্গ (২০টি)ঃ

অধিপতি আ সু বি নি অভি অপি অনু ও অবনির প্রতি সম্পূর্ণ অপকর্ম শেষে অতি উৎসাহ দূর করে পরিশেষে উপদ্বীপে প্রভাত পরাজয় মেনে নিলেন।

অথবাঃ এই অপমান অবজ্ঞা দুর্ভাগ্য ও পরাজয় অতিশয় দুঃখজনক। আরক্ত হয়ে তার সমাদরহীন প্রস্থানও হৃদয় বিদারক। জীবনের বিশুদ্ধ ও উত্তপ্ত উপকূলে বসে প্রতিদিন নিরক্ষর অনুগামীদের যন্ত্রণা সে সহ্য করেছে। পরিশেষে অপি নামের এক বন্ধু সুকঠিন অভিযান চালিয়ে তার নিগূঢ় অধিকার প্রতিষ্ঠা করে।

উপসর্গঃ প্র; পরা; অপ; সম; নি; অব; অনু; নির; দুর; বি; অধি; সু; উৎ; পরি; প্রতি; অপি; উপ; অভি; অতি; আ।

☞ ফারসী উপসর্গ ঃ

বদমেজাজী বেয়াদব বশিরের পাল্লায় নাবালোক ফিরোজ কারখানায় দরখাস্ত করেছে। কম বয়সের কারণে নিমিষেই তা বরখাস্ত হয়েছে।

অথবাঃ নিমবাবুর কারখানায় বকলম বদমেজাজি বেকার কিছু লোক ফিসপ্তায় চাকরির দরখাস্ত করে। কমবখত নালায়েকগুলো জানে না, গত সপ্তাহেই নিমবাবু বহু শ্রমিককেক বরখাস্ত করেছেন। ওদের চাকরি হবে কী করে।

উপসর্গঃ কার; দর; না; নিম; ফি; বদ; বে; বর; ব; কম।

☞ আরবি উপসর্গ ঃ

বাজে আম খাস লা গর খয়ের।

অথবাঃ রাজার খাসমহলে খয়েরখাঁদের বাজেকাজ আমজতা পছন্দ করে না। তাই ভয়ে খয়েরখাঁরা এখন গরহাজির থাকে, অনেকে লাপাত্তা।

উপসর্গঃ খাস; খয়ের; বাজে; আম; গর; লা।

☞ ইংরেজি উপসর্গ ঃ

হেড(head) সাব(sub) হাফ(half) ফুল(full) ডবল(double) প্রো (pro)।

☞ বিদেশি উপসর্গ ঃ

ফুল-হাফ-ডবল-হেড-সাব-প্রো
ইংরেজি উপসর্গ গো।
লা-খয়ের-বাজে-আম, গর 'হলো' খাস
আরবি উপসর্গ এইটুকু ব্যাস।
কম-বদ, ব-বে-বর(আরো আছে)
কার-ফি-নিম-না-দর।
উপসর্গ এইগুলো ফারসি-
হর-হরেক হিন্দি ও উর্দু
হি-হি, হি-হি, হি-

☞ অনুসর্গ ঃ

প্রতি বিনা সহকারে
মাঝে মধ্যে অধিক পরে
বই ভিন্ন নামের জন্য
ওপরে অবধি সঙ্গে তরে।
অপেক্ষা পর্যন্ত মত বিহনে
সহ ব্যতীত হেতু সনে
নিকট চেয়ে ভিতরপানে
পক্ষে সাথে পাছে।
দ্বারা দিয়া কর্তৃক হইতে থেকে চেয়ে।

☞ ভাববাচক বিশেষ্য ঃ

স্বর্ণা তার বন্ধুর গমন দেখা শোনার কাজ দর্শন করিয়া ভোজন শেষ করে গভীর রাতে একা একা শয়ন করিলেন।

☞ সকল কারকে ৭মী বিভক্তি ঃ

পাগুটা দীপতি-

ব্যাখ্যাঃ পা=পাগলে কিনা বলে। গু=গুরুজনে ভক্তি কর। টা=টাকায় কিনা হয়। দী=দীনে দয়া কর। প=পরাজয়ে ডরে না বীর। তি=তিলে তৈল আছে।

☞ নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি ঃ

স্বৈর রাজা **গবেন্দ্র**, তাঁর দুই মন্ত্রি **গবেশ্বর** ও **শুদ্ধোধন** কে নিয়ে সকালবেলায় **মার্তন্ড**(সূর্য) দেখবেন বলে **গবাক্ষ**(জানালা) পথে তাকালেন। একদিকে দেখলেন **শারঙ্গ**(এক প্রকার বাদ্যযন্ত্র) হাতে এক **প্রৌঢ় কুলটা**(সমাজ যাদের অসতী বলে) নারী। তার **সীমন্ত**(সিঁথি) এলোমেলো ও **রক্তোষ্ঠ**। অন্যদিকে দেখলেন **অক্ষৌহিণী**(২১৮৭০০ যোদ্ধবিশিষ্ট সেনাদল) সহ তাঁর সেনাপতি ও **অন্যান্য** মন্ত্রি রাজাকে ক্ষমতাচ্যুত করার জন্য আসছেন।

ব্যাখ্যাঃ স্বৈর=স্বর+ঈর; গবেন্দ্র=গো+ইন্দ্র; গবেশ্বর=গো+ঈশ্বর; শুদ্ধোধন=শুদ্ধ+ওদন; মার্তন্ড=মার্ত+অন্ড; গবাক্ষ=গো+অক্ষ; শারঙ্গ=শার+অঙ্গ; প্রৌঢ়=প্র+ঊঢ়; কুলটা=কুল+অটা; সীমন্ত=সীমন+অত; রক্তোষ্ঠ=রক্ত+ওষ্ঠ; অক্ষৌহিণী=অক্ষ+ঊহিণী; অন্যান্য=অন্য+অন্য।

☞ নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি ঃ

পতঞ্জলি ও **মনীষা** **আশ্চর্য** হয়ে পরস্পর তাকায়। সেই **তস্কর**কে(চোর) তারা চিনে ফেলে। গত **বৃহস্পতি**বার ষোড়শ অথবা একাদশ জন মিলে **দ্যুলোকে**র **গোষ্পদ** আর **বনস্পতি** এরা ধ্বংস করেছে।

ব্যাখ্যাঃ পতঞ্জলি=পতৎ+অঞ্জলি; মনীষা=মনস্+ঈষা; আশ্চর্য=আ+চর্য; পরস্পর=পর+পর; তস্কর=তৎ+কর; বৃহস্পতি=বৃহৎ+পতি; ষোড়শ=ষট্+দশ; একাদশ=এক+দশ; দ্যুলোক=দিব্+লোক; গোষ্পদ=গো+পদ; বনস্পতি=বন+পতি।

☞ বিশেষ নিয়মে সাধিত ব্যঞ্জনসন্ধি ঃ

চুরির এই ঘটনা তারা কোনো **সংস্কার** না রেখেই **সংস্কৃত** ভাষায় **পরিষ্কার**ভাবে **উত্থাপন** করে এবং এতে এক **পরিষ্কৃত** **সংস্কৃতির** **উত্থান** ঘটে।

ব্যাখ্যাঃ সংস্কার=সম+কার; সংস্কৃত=সম+কৃত; পরিষ্কার=পরি+কার; উত্থাপন=উৎ+স্থাপন; পরিষ্কৃত=পরি+কৃত; সংস্কৃতি=সম+কৃতি; উত্থান=উৎ+স্থান।

☞ নিপাতনে সিদ্ধ বিসর্গসন্ধি ঃ

বাচস্পতি বাবুর স্নেহের **আস্পদ** **হরিশ্চন্দ্র**। তিনি **অহরহ** **শিরঃপীড়ায়** ভোগেন। তাই **প্রাতঃকালে** তিনি **ভাস্কর**(সূর্য) দেখতে পান না বলে **অহর্নিশ** **মনঃকষ্টে** আছেন।

ব্যাখ্যাঃবাচস্পতি=বাচঃ+পতি; আস্পদ=আঃ+পদ; হরিশ্চন্দ্র=হরিঃ+চন্দ্র; অহরহ=অহঃ+অহ; শিরঃপীড়া=শিরঃ+পীড়া; প্রাতঃকাল=প্রাতঃ+কাল; ভাস্কর=ভাঃ+কর; অহর্নিশ=অহঃ+নিশা; মনঃকষ্ট=মনঃ+কষ্ট।

☞ উন্নত প্রাণীবাচকে মনুষ্য শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দ ঃ

জনগণ শিক্ষক বৃন্দকে বললেন যে, আপনারা আপনাদের বেতন বৃদ্ধির জন্য পত্রিকার সম্পাদক মন্ডলীর কলামে লেখার মাধ্যমে মন্ত্রীবর্গের কাছে আবেদন করুন। গণ,বৃন্দ,মন্ডলী,বর্গ।

☞ কিছু শব্দে সব সময় 'ষ' হয় ঃ

ভাষা মাষা ষট আষাঢ় ষন্ড
কষিত পাষূণ ইষু পাষন্ড
কষায় কাষায় কাষ্ট কষ্ট
আভাষ বাষ্প মওসিক আষ্ট
পৌষ পুষ্প শষ্প ভাষ্য

☞ কিছু শব্দে সব সময় 'ণ' হয় ঃ

চাণক্য মাণিক্য গণ- বাণিজ্য লবণ মণ
বেণু বীণা কঙ্কণ কণিকা।
কল্যাণ শোণিত মণি -স্থাণু গুণ পণ্য বিণী
ফণী অণু বিপণী গণিকা।
আপণ লাবণ্য বাণী-নিপুণ ভণিতা পাণি
গৌণ কোণ ভাণ পণ শাণ।
চিক্কণ নিক্কণ তৃণ কফোণি বণিক গুণ
গণনা পিণাক পণ্য বাণ।

☞ বাংলা বানান মনে রাখার কৌশল ঃ

দেশ, ভাষা, জাতির নামে কার হয় 'ই'
অপ্রাণী, ইতরপ্রাণী তা-ও জেনেছি,
উভয় ক্ষেত্রে ই-কার নিশ্চিত জানি
সংস্কৃতের স্ত্রীবাচক ঈ-কার মানি।
বিদেশি শব্দে 'ষ' হবে না কখনো
তৎসম ভিন্ন শব্দে 'ন' হয় জেনো,
রেফ থাকলে বর্ণে দ্বিত্ব না-হয়
অন্তে বিসর্গ বর্জন জানবে নিশ্চয়।
জগৎ-বাচক-বিদ্যা-ত্ব-তা নী-ণী, হলে
শব্দান্তের'ঈ ই-কার হয় পন্ডিতেরা বলে।

☞ ছন্দে ছন্দে বাংলা বানান শিখিঃ

১নং টেকনিকঃ

'ভুল' বানানটি সঠিক বটে লিখবেন না কেউ ভূল
তুল লিখেন টুল লিখেন লিখবেন না বানান মুল।
'মূল' কিন্তু মুল নয় রাখবেন মনে সবে
মুল যদি লিখে কেউ ভুল জানবেন তবে।
'কুল' যদি বরই হয় 'কূল' নদীর পাড়
ভুল বানানে অভ্যস্ত লজ্জা পাবে সবার।
'তুলা' লিখেন 'কুলা' লিখেন লিখবেন না কেউ মূলা
'মুলা' বানান সঠিক তবে লিখবেন না ফরমূলা।
ফরমূলা নয়, 'ফরমুলা' জেনো নিশ্চয়
ইংরেজি উচ্চারণে (ু) উ কার নাহি হয়।
কারণ বারণ মরণ লিখেন ধরণ লিখবেন না
ধরণ যেন 'ধরন' হয় লিখতে ভুলবেন না।
'গুণ' লিখেন ঘুণ লিখেন গুন লিখবেন না
গুণিতকের মর্মকথা এতে পাবেন না।
'কাঁটা-বোঁটা সবই লিখেন ফাঁটা লিখবেন না
ফ- এর ওপর চাঁদ বসালে 'ফাটা' হবে না।
'হাসি' লিখেন 'কাশি' লিখেন হাস লিখবেন না
চাঁদ ছাড়া 'হাঁসফাঁস' কিছুই হবে না।
বাড়ি-গাড়ি সবই লিখেন হাড়ি লিখবেন না
'হাঁড়ি'র ওপর চাঁদের টিপ দিতে ভুলবেন না।
আসন বাসন নয়নে 'ন' হবে নির্ভুল
প্রান ঘ্রান ত্রান লিখে করবেন না তাই ভুল।
প্রাণ ঘ্রাণ ত্রাণ বানানে লিখবেন মূর্ধন্য-(ণ)
এ নিয়মে লিখে যান বর্ণ বর্ষণ আর কার্পণ্য।
অনুরোধে হবে 'করুন' অবস্থানে 'করুণ'
তোরণ বানিয়ে তারুণ্য রাখতে হবে স্মরণ।

২নং টেকনিকঃ

টার্গেট যদি ঠিক থাকে লিখুন 'লক্ষ্য
তবেই হবেন আপনি বানানে দক্ষ।
অ্যাটেনশন বোঝাতে লিখে যান 'লক্ষ'
সম্পর্কের গভীরতায় লিখবেন 'সখ্য'।
'লক্ষ্য' যদি লক্ষ হয়, ব্যাকরণে ভুল
এতেই দিতে হবে চরম মাশুল।
নব্যতা নয় 'নাব্য' লিখুন না ভেবে
বানানে পারদর্শিতা নিশ্চয়ই হবে।
নির্দিষ্ট ব্যক্তির তরে হবে 'উদ্দেশ্য'
একই রকম দেখতে লিখুন 'সদৃশ'।
জনতার উদ্দেশ্যে নয়, হবে 'উদ্দেশ'
সঠিক বানানে মেনে যান বশ্য।
'সহযোগী' দীর্ঘ ঈ-কার সঠিক বটে
সহযোগীতা বানানে বিপত্তি ঘটে।
'সহযোগিতা' শুদ্ধ রুপ লিখ সবে
'প্রতিযোগী'-প্রতিযোগিতা' একই হবে।
চন্দ্রবিন্দু দিতে কেন দৌড়াও তুমি
'দৌড়ে' চাঁদ নেই 'হেঁটে' চলে অমি।
চাঁদ যদি দিতে চাও একটু দাঁড়াও'
পাহাড়টি 'খাঁড়া' অতি হাতটি বাড়াও।
'কাচ' কিন্তু কাঁচ নয়, লিখে যাও সবে
পাকাতে চাঁদ দিলে 'কাঁচা'র কি হবে।
কারো ডাকে নিশ্চয়ই দিও তবে 'সাড়া'
তোমার যখন শুরু আমার যেন 'সারা'।

সাধারণ জ্ঞান (বাংলাদেশ বিষয়াবলি)

☞ বাংলা একাডেমি থেকে প্রকাশিত পত্রিকাঃ

ধান শালিকের এদেশে বাংলা একাডেমিকে লেখার উত্তরাধিকার কে দিল?

ব্যাখ্যাঃ ১. ধান শালিকের দেশ; ২. লেখা; ৩. উত্তরাধিকার।

☞ হামিদুজ্জামান যে সব ভাস্কর্যের শিল্পীঃ ২০টি

হামিদুজ্জামান মিশুক হলেও স্বয়ং সাতবার স্বাধীনতার জন্য হামলা করার স্টেপস নিয়েছিলেন।

ব্যাখ্যাঃ মিশুক= মিশুক; স্বয়ং= সংশপ্তক; স্বাধীনতার= স্বাধীনতা; হামলা=হামলা; করার=ক্যাকটাস; স্টেপস=স্টেপস। শান্তির পাখি; কিংবদন্তী;স্মৃতির মিনার; রুই কাতল।

☞ মৃণাল হক যে সব ভাস্কর্যের শিল্পীঃ

মৃণাল সব সময় দুর্জয়ের প্রত্যাশা করে।

ব্যাখ্যাঃ দুর্জয়; চিরদুর্জয়;গোল্ডেন জুবলি টাওয়ার;রাজষিক বিহার;প্রত্যাশা; অর্ঘ্য;সাম্যবাদ; বাউল ভাস্কর্য;বর্ষারাণী; হজ্ব মিনার;সীমান্ত গৌরব; বলাকা।

☞ শামসুল ওয়ারেশ যে সব ভাস্কর্যের শিল্পীঃ

শামসুল ব্যাটা কালে ও শিশু ছিল।

ব্যাখ্যাঃ ব্যাটা কাল=বোটানিক্যাল গার্ডেন; শিশু=শিশুপার্ক।

☞ আজিজুল পাশা যে সব ভাস্কর্যের শিল্পীঃ

শাপলা দোয়েল চত্বরে আজি পাশা খেলবো রে সাম.....

ব্যাখ্যাঃ শাপলা চত্বর; দোয়েল চত্বর।

☞ শামীম শিকদার যে সব ভাস্কর্যের শিল্পীঃ

শামীম স্বোপার্জিত স্বাধীনতার মাধ্যমে স্বাধীনতার সংগ্রাম করেছে।

ব্যাখ্যাঃ স্বোপার্জিত স্বাধীনতা; স্বাধীনতা সংগ্রাম।

☞ নিতুন কুন্ডু যে সব ভাস্কর্যের শিল্পীঃ

বাংলাদেশের নিতুন সার্ক সফরে সাবাস পেয়েছে।

ব্যাখ্যাঃ সার্ক ফোয়ারা; সাবাস বাংলাদেশ।

☞ পদ্মার শাখা নদীঃ

মধুমতি কুমারী বলে আড়িয়াল খাঁ, ভৈরব ও গড়াই নদীর তীরে গিয়ে মাথায় ইচ্ছা করে পদ্মা পড়েছে।

ব্যাখ্যাঃ মধুমতি= মধুমতি; কুমারী= কুমার; আড়িয়াল খাঁ= আড়িয়াল খাঁ; ভৈরব= ভৈরব; গড়াই= গড়াই; মাথায়= মাথাভাঙ্গা; ইচ্ছা=ইছামতি।

অথবাঃ রব খাঁ সাহেবের মাথা ভেঙ্গে কুমারের দিকে গড়াইয়া মারল।

রব=ভৈরব; খাঁ= আড়িয়াল খাঁ; মাথাভেঙ্গে=মাথাভাঙ্গা; কুমারের=কুমার; গড়াইয়া= গড়াই।

অথবাঃ কুমিরের বড় মাথাভেঙ্গে আড়িয়াল ভৈরবের সাথে মধুর সম্পর্ক গড়েছে।

☞ পদ্মার উপনদীঃ

কপোতাক্ষ মহাআনন্দে পুনরায় টাঙ্গ নগরে কুলি ফেললো।

ব্যাখ্যাঃ কপোতাক্ষ, মহাআনন্দে-মহানন্দা; পুনরায়-পুণর্ভবা; টাঙ্গ-টাঙ্গন; নগরে-নাগর, কুলি-কুলিখ।

☞ যমুনার উপনদীঃ

যমুনার ওপারে আত্রাই নদীর পাড়ে তিতা করলা ধরে।

ব্যাখ্যাঃ আত্রাই= আত্রাই; তিতা=তিস্তা; করলা= করতোয়া; ধরে= ধরলা।

অথবাঃ আত্রা ধর তিস্তা কর।

☞ ভৈরব নদীর শাখা নদীঃ

ভরা মৌসুমে কপোতাক্ষয় প্রচুর শিংমাছ পাওয়া যায়।

ব্যাখ্যাঃ কপোতাক্ষয়= কপোতাক্ষ; প্রচুর= পশুর; শিংমাছ= শিবসা।

পদ্মার উপনদী:- মহানন্দা।

☞ মহানন্দার উপনদীঃ

নগরের কুলিগণ টাকার কথা ভেবে পাগলা হয়ে মহানন্দায় পুনরায় কাজ শুরু করেছে।

ব্যাখ্যাঃ নগরের= নাগর; কুলি= কুলিখ; টাকার= টাঙ্গন; পাগলা= পাগলা; পুনরায়= পুনর্ভবা।

অথবাঃ মহানন্দা পুনর্ভবায় পাগলা নাগর রাভিনা টাঙ্গন কে সাথে নিয়ে কুলি ছবি দেখতে গেল।

অথবাঃ কুলিটা পূর্ণ পাগল না।

☞ কর্ণফুলীর উপনদীঃ

কনক বোয়াল হাতে কাপ্তাই গেল।

ব্যাখ্যাঃ বোয়াল= বোয়ালখালী; হাতে= হালদা; কাপ্তাই= কাপ্তাই।

অথবাঃ মাইনি খেয়া নৌকা দ্বারা কাসালাং নদীতে চিংড়ি মাছ ধরতে গেল। (খেয়া= রানখেয়াং)।

অথবাঃ কাসা দিয়ে বোয়ালের হাত ধর।

☞ আত্রাই নদীর উপনদীঃ

আত্রাই নদীতে বড়াল মাঝি কাকাতুয়া পাখি দেখতে গেল।

কাকাতুয়া= করতোয়া।

☞ গোমতির শাখা নদীঃ

গোমতি বুড়ি ডাকাতের ভয়ে লুকিয়ে পড়ল।

ডাকাতের= ডাকাতিয়া।

☞ ব্রহ্মপুত্র নদীর শাখা নদীঃ

বরপুত্র ধলা দুধকুমার স্ত্রী তিসাকে নিয়ে হানিমুনে যাবে।

ব্যাখ্যাঃ বরপুত্র= ব্রহ্মপুত্র; ধলা= ধরলা; তিসা= তিস্তা।

অথবাঃ শ্রী বংশী ব্যানার শীতকালে সাতিয়ায় বেড়াইতে আসেন।

ব্যাখ্যাঃ শ্রী-শ্রীকালি; বংশী; বানার; শীত-শীতলক্ষ্যা; সাতিয়া।

☞ ব্রহ্মপুত্র নদীর উপনদীঃ

বাঙ্গালী তিতা দুধ ধক করে খায়।

ব্যাখ্যাঃ বাঙ্গালি; তিতা-তিস্তা; দুধ-দুধকুমার; ধ-ধরলা; ক-করতোয়া।

☞ মেঘনার শাখা ও উপনদীঃ

মেঘনা তিতাসকে ডাকতে গিয়ে মতি ও সুমাকে কংশ মনু বলে আউলাইয়া ফেলল।

ব্যাখ্যাঃ তিতাসকে= তিতাস; ডাকতে= ডাকাতিয়া; মতি= গোমতি; সুমাকে= সোমেশ্বরী; আউলাইয়া= বাউলাই।

☞ মেঘনার উপনদীঃ

মুন ডাকাত তিতাসদের বাউলা থেকে গোম চুরি করেছে।

ব্যাখ্যাঃ মুন, ডাকাত-ডাকাতিয়া; তিতাস; বাউলাই; গোম-গোমতী।

অথবাঃ বাউল মনু তিতা গম খেয়ে সোমানে কাসে।

ব্যাখ্যাঃ বাউল=বাউলাই; মনু=মনু; তিতা=তিতাস; গোম=গোমতি; সোমা=সোমেশ্বরী; কাসে=কংস।

☞ যে নদী জেলার সীমান্ত দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছেঃ

১। পচা-পদ্মা চাঁপাইনবাবগঞ্জের মধ্য দিয়ে।

২। মেসি-মেঘনা সিলেটের মধ্য দিয়ে।

৩। নাক-নাফ কক্সবাজারের মধ্য দিয়ে।

৪। তিনি-তিস্তা নীলফামারীর মধ্য দিয়ে।

৫। যকু-যমুনা কুড়িগ্রামের মধ্য দিয়ে।

৬। বকু-ব্রহ্মপুত্র কুড়িগ্রামের মধ্য দিয়ে।

৭। কপা – কর্ণফুলী রাঙামাটির মধ্য দিয়ে

৮। গোকু-গোমতী কুমিল্লার মধ্য দিয়ে।
৯। ফেফে-ফেনী ফেনী জেলার মধ্য দিয়ে।
১০। সাপা-সাংগু পার্বত্য চট্টগ্রামের মধ্য দিয়ে।
১১। হাখা-হালদা খাগড়াছড়ির মধ্য দিয়ে।
১২। কপ-করতোয়া পঞ্চগড়ের মধ্য দিয়ে।

বিবিধঃ

- গঙ্গা/পদ্মা হিমালয় থেকে চাঁপা বাগান দিয়ে বাংলাদেশে এসেছে। অর্থাৎ পদ্মা নদী হিমালয় থেকে উৎপত্তি হয়ে চাঁপাইনবাবগঞ্জ জেলা দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে।
- ব্রহ্মপুত্র তিব্বতের মানস সরোবরের থেকে কুড়ি বছর বয়সে বাংলাদেশে এসেছে। অর্থাৎ ব্রহ্মপুত্র নদী তিব্বতের মানস সরোবরের হ্রদ থেকে উৎপত্তি হয়ে কুড়িগ্রাম জেলা দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে।
- সিলেটের সুরমা আপা কুশি খেয়ে খুশি হয়ে ভৈরব বাজারে(আজমিরিগঞ্জে) মেঘনা নদী সৃষ্টি করেছে। অর্থাৎ সিলেটের সুরমা ও কুশিয়ারা নদী আজমিরিগঞ্জে এসেছে মিলিত হয়ে মেঘনা নাম ধারণ করেছে।
- তিস্তা সিকিম থেকে লাল,নীল রং হয়ে বাংলাদেশে এসেছে। তিস্তা নদী সিকিম পর্বত থেকে উৎপত্তি হয়ে লালমনিরহাট, নীলফামারি ও রংপুর দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে।

☞ নদীর মিলিতস্থলঃ

১. চাঁদে পদ্ম মেঘ জমেছে। পদ্মা-মেঘনা=চাঁদপুর।
২. কুড়িগ্রামে তিব্র শীত পড়েছে। তিস্তা+ ব্রহ্মপুত্র=কুড়িগাম।
৩. আজ খুশির সুর বাজবে। কুশিয়ারা+সুরমা=আজমিরীগঞ্জ।
৪. বগুড়ার যবা ফুল। যমুনা+বাঙ্গালি=বগুড়া।
৫. চট্টগ্রামের হাল ধরেছে কর্ণ। হালদা+কর্ণফুলী=চট্টগ্রাম।
৬. খুলনার রুপ পশুর মত। রুপসা+পশুর=খুলনা।
৭. গোয়ালে পয ধরেছে। পদ্মা+যমুনা=গোয়ালন্দ।
৮. বড় মেঘ দেখে ভয় করো না। ব্রহ্মপুত্র+মেঘনা=ভৈরব।
৯. জামাল একটা যব দেওয়া যাবে? যমুনা+ ব্রহ্মপুত্র=দেওয়ানগঞ্জ, জামালপুর।
১০. শীতে ধলাদের খুব নারা দেয়। শীতলক্ষ্যা+ধলেশ্বরী=নারায়ণগঞ্জ।

☞ তিব্বতের মালভুমি থেকে সৃষ্ট নদী ৫টিঃ

YES JB

ব্যাখ্যাঃ Y=ইরাবতি; E=ইয়াংসিকিয়াং; S=সিন্ধু; J=যমুনা; B=ব্রহ্মপুত্র।

☞ পার্বত্য চট্টগ্রামে যে সকল উপজাতি বসবাস করেঃ

লুসা ত্রি মগ চাক

ব্যাখ্যাঃ লুসা-লুসাই; ত্রি-ত্রিপুরা; মগ,চাকমা।

☞ বান্দরবানে বসবাসকারি উপজাতিঃ

মা মু মগ পাত্রি টি দেখতে খুব চক চাক

ব্যাখ্যাঃ মা=মারমা; মু=মুরং; মগ=মগ; পা=পাংখো; ত্রি=ত্রিপুরা; খু=খুমি; ব=বনজোগী; চক=চক; চাক=চাকমা।

☞ সুন্দরবনে যে সকল উপজাতি বসবাস করেঃ
মৌয়ালী, বাওয়ালী।

☞ মৌলভীবাজার যে সকল উপজাতি বসবাস করেঃ
নুনিয়া ক খ পড়ে পাশ করেছে।
ব্যাখ্যাঃ নুনিয়া, ক-কন্দ; খ-খড়িয়া; পা-পাঙন; শ-শবর।

☞ সিলেটে যে সকল উপজাতি বসবাস করেঃ
~~বোবী মনি, কুমুর পাত্র নেকতে নায়ক ভুমিখার মত~~।
ব্যাখ্যাঃ বো-বোনাজ; বী-বীন, মনি-মনিপুরী; কু-কুর্মি; মু-মুন্ডা; র-রবিদাস; পাত্র, নায়ক-নায়েক। ভুমি-ভুমিজ; খা-খাসিয়া।

☞ যে সকল উপজাতি বাংলাদেশে বসবাস করে নাঃ
মামুর টুপি জুলু কুলু কুথাই শেরেছে।
ব্যাখ্যাঃ মা-মাওরী; মুর, টু-টুডা, পি-পিগমী; জুলু,কুলু, কু-কুর্দী, শের-শেরপা।

☞ অন্যান্য উপজাতির বসবাসঃ
রংপুরের রাজ ও নেত্রকোনার হাদু ওরা বগুড়া থেকে একসাথে ময়মনসিংহে হজ্ব করতে গেল।
ব্যাখ্যাঃ রাজ-রাজবংশী-রংপুর; হদু, হাদু-নেত্রকোনা; ওরা-ওরাও-বগুড়া; হজ্ব-হাজং-ময়মনসিংহ।

☞ মাতৃতান্ত্রিক উপজাতিঃ
সাখা গা।
ব্যাখ্যাঃ সা=সাওতাল; খা=খাসিয়া; গা=গারো।

☞ উপজাতিদের উৎসবঃ
ত্রিবৈ সামো চাবি মাসা
খিসাং মুছি রাসা।
ব্যাখ্যাঃ ত্রিবৈ=ত্রিপুরা বৈসুক; সামো=সাওতাল মোহরাই; চাবি=চাকমা বিঝু; মাসা=মারমা সাংগ্রাই; খিসাং=খিয়াং সাংসান; মুছি=মুরং ছিয়াং; রাসা=রাখাইন সান্দ্রে। ১ম নামটি উপজাতি ২য়টি তাঁদের উৎসব।

☞ বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ সমূহঃ
অনু:(৮-২৫)ঃ রাষ্ট্রের স্থানীয় মহিলারা মানবাধিকার নীতিতে কৃষকদের মৌলিক উন্নয়নের জন্য শিক্ষা, স্বাস্থ্য, সমতা ও কর্তব্যের কথা কর্মচারী এবং নির্বাহী বিভাগে সংস্কৃতি, স্মৃতি ও শান্তির জন্য জানাল।
অনু:(২৬-৩৪)ঃ মৌলিক আইনে ধর্মের সুযোগ ছাড়া অন্যান্য আইনের স্বাধীনতা রক্ষা নিষিদ্ধ।
২৬ = মৌলিক অধিকারের সহিত অসামঞ্জস্য আইন বাতিল।
২৭ = আইনের দৃষ্টিতে সমতা।
২৮ = ধর্ম প্রভৃতি কারণে বৈষম্য।
২৯ = সরকারী নিয়োগ লাভে সুযোগের সমতা।
৩০ = বিদেশী খেতাব প্রভৃতি গ্রহণ নিষিদ্ধকরণ।
৩১ = আইনের আশ্রয় লাভের অধিকার।
৩২ = জীবন ও ব্যক্তি স্বাধীনতার অধিকার।

৩৩ = গ্রেপ্তার ও আটক সর্ম্পকে রক্ষাকবচ।

৩৪ = জবরদস্তি শ্রম নিষিদ্ধকরণ।

অনু : (৩৫-৪৬)ঃ মিম বিনা বিচারে চলাফেরা, সমাবেশ, সংগঠন, চিন্তা,পেশা, ধর্মীয় অধিকার ও গৃহ যোগাযোগ বলবৎ করণের জন্য দায়মুক্তি পেল।

৩৫ = বিচার ও দন্ড সর্ম্পকে রক্ষণ।

৩৬ = চলাফেরার স্বাধীনতা।

৩৭ = সমাবেশের স্বাধীনতা।

৩৮ = সংগঠনের স্বাধীনতা।

৩৯ = চিন্তা ও বিবেকের স্বাধীনতা এবং বাক স্বাধীনতা।

৪০ = পেশা ও বৃত্তির স্বাধীনতা।

৪১ = ধর্মীয় স্বাধীনতা।

৪২ = সম্পত্তির অধিকার।

৪৩ = গৃহ ও যোগাযোগের রক্ষণ।

৪৪ = মৌলিক অধিকার বলবৎকরণ।

৪৫ = শৃঙ্খলামূলক আইনের ক্ষেত্রে অধিকারের পরিবর্তন।

৪৬ = দায়-মুক্তি বিধানের ক্ষমতা।

অনু:(৪৮-৫৪)ঃ রাষ্ট্রপতি তার ক্ষমার মেয়াদ দায়মুক্তিতে অভিশংসন ও অপসারণের ক্ষমতা স্পীকারকে দিল।

৪৮ = রাষ্ট্রপতি।

৪৯ = ক্ষমা প্রদর্শনের অধিকার।

৫০ = রাষ্ট্রপতি পদের মেয়াদ।

৫১ = রাষ্ট্রপতির দায়মুক্তি।

৫২ = রাষ্ট্রপতির অভিশংসন।

৫৩ = অসামর্থ্যের কারণে রাষ্ট্রপতির অপসারণ।

৫৪ = অনুপস্থিতি প্রভৃতির কালে রাষ্ট্রপতি পদে স্পীকার।

অনু:(৬৫-৭৯)ঃ সংসদ সদস্যদের শূন্য পারিশ্রমিকে অর্থদন্ড ও পদত্যাগ এর ব্যাপারে দুই অধিবেশন ধরে ভাষণ দেয়ার অধিকার স্পীকার তাদের দেন কিন্তু কোরাম না থাকায় স্থায়ী কমিটি ন্যায়পাল নিয়োগে দায়মুক্তির জন্য সচিবালয় গঠন করে।

৬৫ = সংসদ প্রতিষ্ঠা।

৬৬ = সংসদে নির্বাচিত হইবার যোগ্যতা ও অযোগ্যতা।

৬৭ = সদস্যদের আসন শূন্য হওয়া।

৬৮ = সংসদ সদস্যদের পারিশ্রমিক প্রভৃতি।

৬৯ = শপথ গ্রহণের পূর্বে আসন গ্রহন বা ভোটদান করিলে সদস্যের অর্থদন্ড।

৭০ = পদত্যাগ ইত্যাদি কারণে আসন শূন্য হওয়া।

৭১ = দ্বৈত সদস্যতায় বাধা।

৭২ = সংসদের অধিবেশন।

৭৩ = সংসদে রাষ্ট্রপতির ভাষণ ও বাণী।
৭৪ = স্পীকার ও ডেপুটি স্পীকার।
৭৫ = কার্যপ্রণালী বিধান কোরাম প্রভৃতি।
৭৬ = সংসদের স্থায়ী কমিটিসমূহ।
৭৭ = ন্যায়পাল।
৭৮ = সংসদ ও সদস্যদের বিশেষ অধিকার ও দায়মুক্তি।
৭৯ = সংসদ সচিবালয়।

অনু(৮০-৯৩)ঃ আইন করে অর্থ বিলের সুপারিশ দ্বারা করের হিসাব নিয়ন্ত্রন করে প্রদেয় বাজেটের দায় ও বাজেটের পদ্ধতি নির্দিষ্ট মজুরী হিসেবে ঋণ দেয়।

৮০ = আইন প্রনয়ণ পদ্ধতি।
৮১ = অর্থবিল ।
৮২ = আর্থিক ব্যবস্থাবলীর সুপারিশ।
৮৩ = সংসদের আইন ব্যতিত করারোপে বাধা।
৮৪ = সংযুক্ত তহবিল ও প্রজাতন্ত্রের সরকারী হিসাব।
৮৫ = সরকারি অর্থের নিয়ন্ত্রণ।
৮৬ = প্রজাতন্ত্রের সরকারি হিসাব প্রদেয় অর্থ।
৮৭ = বার্ষিক আর্থিক বিবৃতি।
৮৮ = সংযুক্ত তহবিলের উপর দায় ।
৮৯ = বার্ষিক আর্থিক বিবৃতি সম্পর্কিত পদ্ধতি।
৯০ = নির্দিষ্টকরণ আইন।
৯১ = সম্পূরক ও অতিরিক্ত মঞ্জুরী।
৯২ = হিসাব ঋণ প্রভৃতির উপর ভোট।
৯৩ = অধ্যাদেশ প্রণয়ন ক্ষমতা।

অনু:(৯৪-১০০)ঃ সুপ্রিম কোর্টের বিচারক নিয়োগ ও মেয়াদ অস্থায়ী অতিরিক্ত অক্ষমতায় আসীন (আসন)।

৯৪ = সুপ্রিম কোর্ট প্রতিষ্টা।
৯৫ = বিচারক নিয়োগ।
৯৬ = বিচারকের পদের মেয়াদ।
৯৭ = অস্থায়ী প্রধান বিচারপতি নিয়োগ।
৯৮ = সুপ্রিম কোর্টের অতিরিক্ত বিচারকগণ।
৯৯ = বিচারকগণের অক্ষমতা।
১০০ = সুপ্রিম কোর্টের আসন।

অনু:(১০১-১০৭)ঃ হাইকোর্টের এখতিয়ার ও ক্ষমতায় আপিলের পরোয়ানা ও পুনর্নির্দেশনায় সুপ্রিম কোর্টের উপদেষ্টারা বিধি প্রণয়ন করেন।

১০১ = হাইকোর্ট বিভাগের এখতিয়ার।
১০২ = কতিপয় আদেশ ও নির্দেশ প্রভৃতি দানের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগের ক্ষমতা।
১০৩ = আপিল বিভাগের এখতিয়ার।

১০৪ = আপিল বিভাগের পরোয়ানা জারী ও নির্বাহ।
১০৫ = আপিল বিভাগ কর্তৃক রায় বা আদেশ পুনর্বিবেচনা।
১০৬ = সুপ্রিম কোর্টের উপদেষ্টামূলক এখতিয়ার।
১০৭ = সুপ্রিম কোর্টের বিধিপ্রণয়ন ক্ষমতা।

অনু:(১০৮-১১৩)ঃ কোর্ট অব রেকর্ড আদালতের নিয়ন্ত্রন স্থানান্তর বাধ্যতামূলক করতে সহায়তা করেন কর্মচারীগণ।

১০৮ = কোর্ট অব রেকর্ড রুপে সুপ্রিম কোর্ট।
১০৯ = আদালতসমূহের উপর তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ।
১১০ = অধ:স্তন আদালত হইতে হাইকোর্ট বিভাগে মামলা স্থানান্তর।
১১১ = সুপ্রিম কোর্টের রায়ের বাধ্যতামূলক কার্যকারিতা।
১১২ = সুপ্রিম কোর্টের সহায়তা।
১১৩ = সুপ্রিম কোর্টের কর্মচারীগণ।

অনু:(১১৪-১১৬ক)ঃ অধস্তন আদালতে কর্মচারী নিয়োগ করে আদালতে নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা আনার মাধ্যমে বিচারকার্য পালনের ক্ষেত্রে স্বাধীনতা ভোগ করে।

১১৪ = অধ:স্তন আদালতসমূহ প্রতিষ্ঠা।
১১৫ = অধ:স্তন আদালতে নিয়োগ।
১১৬ = অধ:স্তন আদালতসমূহের নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা।
১১৬ক = বিচার বিভাগীয় কর্মচারীগণ বিচারকার্য পালনের ক্ষেত্রে স্বাধীন।

অনু:(১১৮-১২৬)ঃ নির্বাচন কমিশনের দায়িত্ব হল কর্মচারী নিয়োগ করে ভোটার তালিকায় যোগ্য নামভুক্তিকরণ এবং নির্বাচনের সময় নির্ধারন করে সংসদে বিধান প্রণয়ন করা এবং আইন ও নির্বাচনের বৈধতার জন্য নির্বাহী কর্তৃপক্ষকে সহায়তা প্রদান করা।

১১৮ = নির্বাচন কমিশন প্রতিষ্ঠা।
১১৯ = নির্বাচন কমিশনের দায়িত্ব।
১২০ = নির্বাচন কমিশনের কর্মচারীগণ।
১২১ = প্রতি এলাকার জন্য একটি মাত্র ভোটার তালিকা।
১২২ = ভোটার তালিকায় নামভুক্তির যোগ্যতা।
১২৩ = নির্বাচন অনুষ্ঠানের সময়।
১২৪ = নির্বাচন সম্পর্কে সংসদের বিধান প্রণয়নের ক্ষমতা।
১২৫ = নির্বাচনী আইন ও নির্বাচনের বৈধতা।
